

চিংড়ি ও কাঁকড়া চাষের অন-লাইন প্রশিক্ষণ কর্মসূচী

নোনা জলে মাছ ও চিংড়ি চাষ একটি উদীয়মান ক্ষেত্র, যা চাষীদের আয়বৃদ্ধি, কর্মসংস্থান ও বৈদেশিক মুদ্রা উপার্জনের মাধ্যমে আমাদের দেশের আর্থ সামাজিক উন্নতিতে বিশেষ ভূমিকা পালন করে চলেছে। চিংড়ি ও কাঁকড়া হল নোনা জলের সর্বাধিক রপ্তানিকৃত পণ্য। ভারতবর্ষ সমুদ্রজাত পণ্য রপ্তানির মাধ্যমে ২০১৮-১৯ সালে ৪৬৫৮৯.৩৭ কোটি টাকা অর্জন করেছে যার মধ্যে ৬৮.৩ শতাংশ এসেছে চিংড়ি রপ্তানির মাধ্যমে। ভারতবর্ষে মোট ১.২ মিলিয়ন হেক্টর চাষযোগ্য নোনা জল রয়েছে যা নয়টি সমুদ্র উপকূলবর্তী রাজ্যে বিস্তৃত এবং আমাদের রাজ্য পশ্চিমবঙ্গেও ২.১ লাখ হেক্টর চাষযোগ্য এলাকা রয়েছে যার মধ্যে বর্তমানে কেবলমাত্র ৩০-৩৫ শতাংশে নোনা জলের মাছ, চিংড়ি ও কাঁকড়া চাষ হচ্ছে। আমাদের রাজ্যের পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা জেলাতে বহু চাষী এই চাষের মাধ্যমে কর্মসংস্থান ও নিজেদের অর্থনৈতিক উন্নয়ন করছেন।



বর্তমানে কেন্দ্রীয় সরকার কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি ও চাষীদের আয় দ্বিগুণ করার লক্ষ্যমাত্রা রেখেছে। প্রধান মন্ত্রী মৎস্য সম্পদ যোজনা (PMMSY) প্রকল্পের মাধ্যমে মাছ চাষ ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে যার সাহায্যে উৎপাদন বৃদ্ধি, চাষক্ষেত্রের বিস্তার, আন্তর্জাতিক মানের উৎপাদন এবং সমুদ্রজাত পণ্যের রপ্তানি বাড়ানোর লক্ষ্য অর্জন সম্ভব। এই উদ্দেশ্য সফল করার জন্য আমাদের চিংড়ি চাষীদের বিজ্ঞানসম্মত উপায়ে চিংড়ি ও কাঁকড়া চাষ করা প্রয়োজন তারা যাতে উৎপাদন বৃদ্ধি করতে পারেন এবং দীর্ঘদিন ধরে এই চাষ করতে সক্ষম হন।



এই লক্ষ্য অর্জনের জন্য মাছ চাষী, প্রযুক্তিবিদ, ছাত্রছাত্রী এবং এই ক্ষেত্রের সাথে যুক্ত গবেষকদের মধ্যে চিংড়ি ও কাঁকড়া চাষ সম্বন্ধে সম্মক ধারণা ও বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ খুবই জরুরী। ICAR-CIBA -র কাকদ্বীপ গবেষণা কেন্দ্র পশ্চিমবঙ্গের সংশ্লিষ্ট জনগনের জন্য বাংলা ভাষার মাধ্যমে চিংড়ি ও কাঁকড়া চাষের এই প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করেছে।

প্রশিক্ষণের তারিখঃ ১২ জানুয়ারী, ২০২১

যাদের উদ্দেশ্যে প্রশিক্ষণ

চিংড়ি ও কাঁকড়া চাষী, প্রযুক্তিবিদ, ফিশারীজ কলেজের ছাত্রছাত্রী ও শিক্ষক এবং রাজ্য মৎস্য দপ্তরের আধিকারিকগণ।

প্রশিক্ষণের বিষয়বস্তু

১. চিংড়ি চাষের উন্নত পরিচালন ব্যবস্থা (BMP): পুকুর প্রস্তুতি, বর্জ্য শোধন পুকুরের প্রয়োজনীয়তা, মীনের গুণগত মান, মজুত হার, জল, মাটি ও খাদ্য পরিচালন ব্যবস্থা।
২. কাঁকড়া চাষ পদ্ধতি: কাঁকড়া চাষের সুযোগ, বিভিন্ন প্রকারের চাষ, পুকুর তৈরী, চারার গুণগতমান, মজুত হার, জল, মাটি ও খাদ্য পরিচালন ব্যবস্থা, কাঁকড়ার ফসল উত্তোলন এবং জীবস্তু অবস্থায় পরিবহনের জন্য প্রয়োজনীয় প্যাকেজিং।
৩. উপযুক্ত মূল্যের খাদ্য তৈরীর মাধ্যমে লাভজনক উপায়ে চিংড়ি ও কাঁকড়া চাষ।



কাকদ্বীপ গবেষণা কেন্দ্র

আই.সি.এ.আর. - কেন্দ্রীয় নোনা জলজীব পালন অনুসন্ধান সংস্থা

কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ - ৭৪৩৩৪৭

ফোন: ৯১-৩২১০-২৫৫০৭২, ফ্যাক্স: ৯১-৩২১০-২৫৭০৩০, ইমেল: krckakdwip@gmail.com

